


স্মারক নং- উশিঅ/আশু- ২০৩৫

তারিখ: ১৮/০১/২০২৩ খ্রিঃ

নোটিশ

এতদ্বারা আশুগঞ্জ উপজেলাধীন সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৩/১০/২০২২ খ্রিঃ তারিখে স্মারক নং ৮৯২ মূলে অত্র উপজেলার ২০২২-২০২৩ অর্থবছরের বিদ্যালয় পর্যায়ে স্লিপ কার্যক্রমের ১ম কিস্তির বরাদ্দকৃত অর্থের কাজ স্লিপ পরিকল্পনা মোতাবেক মানসম্মতভাবে ১ মাসের মধ্যে সম্পূর্ণ করার জন্য বলা হয়েছিল। কিন্তু বিদ্যালয় পরিদর্শনকালে দেখা যায় এখনও অনেক বিদ্যালয় স্লিপের কাজ সম্পূর্ণ করেননি। আগামী ২ (দুই দিনের) মধ্যে স্লিপের কাজ সম্পন্ন করে অত্র অফিসে শতভাগ কাজ সম্পন্ন হয়েছে মর্মে প্রত্যয়ন দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হলো। নির্ধারিত সময়ে স্লিপের কাজ সম্পন্ন না করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য কেন সুপারিশ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য বলা হলো (যারা কাজ সম্পন্ন করেননি)। অদ্য ১৮/০১/২০২৩ খ্রিঃ তারিখের প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় এর সভাপতিত্বে জুম মিটিং এ স্লিপের কাজ সম্পূর্ণ না করার জন্য উপজেলা শিক্ষা অফিসের ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে। যে সকল স্কুল Need Based Playing Accessories (১। যাত্রাপুর সপ্রাবি ২। দুর্গাপুর সপ্রাবি ৩। বগইর সপ্রাবি ৪। সোহাগপুর উত্তর সপ্রাবি ৫। বগইর উত্তর পশ্চিম পাড়া সপ্রাবি ৬। খোলাপাড়া (দঃ) সপ্রাবি) এবং মাইনর মেরামত (১। আশুগঞ্জ পূর্ব সপ্রাবি ২। আড়াইসিধা মধ্যনগর পাড়া সপ্রাবি) বাবদ অর্থ বরাদ্দ পেয়েছেন তাঁরা আগামী ০৩ (তিন) দিনের মধ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রাক্কলন প্রস্তুত করে মেরামতের কাজ সম্পন্ন করার জন্য বলা হলো। Need Based Playing Accessories এবং মাইনর মেরামত প্রাপ্ত প্রধান শিক্ষকগণ আগামী ২২/০১/২০২৩ খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় এ বিষয়ে সভা কার্যক্রমে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত থাকার জন্য বলা হলো।



(শাহীনা আক্তার)

উপজেলা শিক্ষা অফিসার

আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া

ফোন: ৮৮০২৩৩৪৪৩১৮১৯

ই-মেইল: ueoashugonj@gmail.com

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা-১২১৬।
- ২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।
- ৪। সংরক্ষণ কপি।

উক্ত বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।